রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, অক্টোবর ২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**ইউপি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ:১৪ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৯৯-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ছ), ধারা ৫৭ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (বাজেট প্রণয়ন ও অনুমোদন এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য বিষয়) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।—(১)** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **'আইন'** অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(খ) **'ওয়ার্ড সভা'** অর্থ আইনের ধারা ৪ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত ওয়ার্ড সভা;

(গ) **'চেয়ারম্যান'** অর্থ পরিষদের চেয়ারম্যান;

(ঘ) **'তহবিল'** অর্থ আইনের ধারা ৫৩ এর উপ-ধারা (১) এ বর্ণিত তহবিল;

(ঙ) **'পরিষদ'** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩১) এ সংজ্ঞায়িত ইউনিয়ন পরিষদ;

(চ) **'ফরম'** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম; এবং

(ছ) **'বাজেট'** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩৪) এ সংজ্ঞায়িত বাজেট ।


**মূল্য ঃ** টাকা ১৬.০০

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

**৩। বাজেট প্রণয়ন।**—(১) আইনের ধারা ৫৭ এর উপ-ধারা (১) অনুযায়ী পরিষদ প্রতি অর্থ বৎসর শুরু হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত পদ্ধতিতে ওয়ার্ড সভা হইতে প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির বিপরীতে উক্ত অর্থ বৎসরের প্রাক্কলিত আয় ও ব্যয় বিবরণী সম্বলিত একটি বাজেট প্রণয়ন করিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী পরিষদ 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম ক' ও 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম খ' এ বাজেটের সার-সংক্ষেপ প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট স্থায়ী কমিটি এবং স্থানীয় জনসাধারণের উপস্থিতিতে প্রকাশ্য বাজেট অধিবেশন অনুষ্ঠান আহ্বান করিয়া পেশ করিবে এবং পরিষদের পরবর্তী সভায় পাশকৃত বাজেটের অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করিবে।

(৩) অর্থ বৎসর শুরু হইবার পূর্বে কোন পরিষদ বাজেট প্রণয়নে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার সম্ভাব্য আয়-ব্যয়ের একটি বিবরণী প্রস্তুত করিয়া তাহাতে প্রত্যয়ন করিবেন এবং এইরূপ প্রত্যয়নকৃত বিবরণী পরিষদের বাজেট বলিয়া গণ্য হইবে।

(৪) পরিষদের বাজেটের নিম্নরূপ দুইটি অংশ থাকিবে-

(ক) ১ম অংশ-রাজস্ব হিসাব; এবং

(খ) ২য় অংশ-উন্নয়ন হিসাব।

(৫) বাজেটে উন্নয়ন প্রকল্পের বরাদ্দ বা খাতসমূহের বরাদ্দ যতদূর সম্ভব ওয়ার্ড সভার সুপারিশের আলোকে প্রদান করিতে হইবে।

**৪। আয় ও ব্যয়ের খাতওয়ারী শ্রেণিবিন্যাস।**—(১) 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম খ' মোতাবেক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম খ' মোতাবেক বিশেষ প্রকল্পের জন্য, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের খাতে নির্দিষ্ট করিতে হইবে।

**৫। বাজেট বিবরণী।**—(১) পরিষদ উহার বাজেটের সহিত সংশ্লিষ্ট অর্থ বৎসর সংক্রান্ত নিম্নবর্ণিত বিবরণীসমূহ সংযুক্ত করিবে, যথা:-

(ক) 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম গ' অনুযায়ী পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের বিবরণ এবং বেতন ভাতাদি বাবদ বার্ষিক প্রয়োজনীয় অর্থের পরিমাণ;

(খ) 'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম ঘ' অনুযায়ী বিশেষ প্রকল্পের জন্য, উপজেলা পরিষদ, সরকার বা অন্য কোন সংস্থা হইতে প্রাপ্ত অর্থ এবং উহার সম্ভাব্য ব্যয় ও অর্থ বৎসর শেষের উদ্বৃত্তের বিবরণী;

(গ) কোন অর্থ বৎসরে নতুন খাত বাজেটে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হইলে উহার যৌক্তিকতাসহ বিস্তারিত ব্যাখ্যা;

(ঘ) চলতি অর্থ বৎসর এবং পরবর্তী অর্থ বৎসরে কোন ব্যয়ের খাতে ও পরিমাণে উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি ঘটিলে উহার কারণ সম্বলিত ব্যাখ্যা; এবং

(ঙ) সংশোধিত বাজেট প্রণয়নের ক্ষেত্রে যৌক্তিকতাসহ উহার পরিমাণ।

(২) বাজেট বিবরণীতে প্রাক্কলিত আয় ও ব্যয়ের বিষয়াদি সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে।

**৬। বাজেট অধিবেশন।**—(১) অর্থ বৎসরের পূর্ববর্তী ৩০ এপ্রিল তারিখের মধ্যে ধারা ৫৭ এর উপ-ধারা (২) এর বিধানমতে অর্থ ও সংস্থাপন এবং হিসাব রক্ষণ ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি এবং জনসাধারণের উপস্থিতিতে প্রকাশ্য বাজেট অধিবেশন অনুষ্ঠিত হইবে।

(২) পরিষদের চেয়ারম্যান উক্ত বাজেট অধিবেশনে সভাপতিত্ব করিবেন।

(৩) বাজেট অধিবেশনে বিধি ৩ ও ৫ অনুসারে প্রস্তুতকৃত বাজেট আলোচনা ও মতামত প্রদানের জন্য পেশ করিতে হইবে।

(৪) পরিষদ বাজেট অধিবেশনের আলোচনা এবং মতামত গ্রহণ বা বর্জনের অধিকার সংরক্ষণ করিবে:

তবে শর্ত থাকে যে, বাজেট অধিবেশনের পূর্বে পরিষদ বাজেট চূড়ান্তভাবে অনুমোদন করিবে না।

**৭। বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।**—(১) অর্থ বৎসরের পূর্ববর্তী ৩১ মে তারিখের মধ্যে পরিষদের বিশেষ সভার মাধ্যমে বাজেট অনুমোদন করিতে হইবে।

(২) বাজেট অধিবেশনের আলোচনা ও মতামতের (যদি থাকে) ভিত্তিতে প্রয়োজনে সংশোধনপূর্বক বাজেট অনুমোদন করিয়া উহার অনুলিপি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার পরিষদ থেকে বাজেট প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহাতে কোন ত্রুটি থাকিলে সংশোধনপূর্বক পরিষদকে অবহিত করিবে এবং এইরূপভাবে প্রণীত বাজেটটি পরিষদের বাজেট বলিয়া গণ্য হইবে।

**৮। বাজেটের প্রত্যয়ন।**—বিধি ৬ অনুসারে বাজেট অধিবেশন অথবা বিধি ৭ অনুসারে বিশেষ সভা আহবান না করিতে পারিলে বা অন্য কোন কারণে পরিষদ উহার বাজেট অর্থ বৎসর শুরু হইবার পূর্বে অনুমোদন করিতে ব্যর্থ হইলে উপজেলা নির্বাহী অফিসার ধারা ৫৭ এর উপ-ধারা (৩) এ উল্লিখিত উপায়ে উক্ত অর্থ বৎসরের জন্য একটি আয়-ব্যয়ের বিবরণী প্রস্তুত করাইয়া উহা প্রত্যয়ন করিবে এবং এইরূপ প্রত্যয়নকৃত বিবরণী পরিষদের ঐ বৎসরের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

**৯। অর্থ বৎসর শুরুর পরে গঠিত পরিষদের বাজেট।**—অর্থ বৎসর শুরুর পরে আইন অনুযায়ী গঠিত পরিষদ দায়িত্বভার গ্রহণের পর অর্থ বৎসরের অবশিষ্ট সময়ের জন্য বাজেট প্রণয়ন করিতে পারিবে এবং উক্ত বাজেটের ক্ষেত্রেও বাজেট প্রণয়নের পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

**১০। ব্যয়ের খাত উপযোজন।**—বাজেটের প্রতিটি খাতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ব্যয় নির্বাহ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, দায়যুক্ত ব্যয় না হইলে পরিষদ কোন খাতের ২% অথবা ২০,০০০.০০ (বিশ হাজার) টাকার মধ্যে যেটি কম, তার সমপরিমাণ অর্থ অন্য কোন খাতে পুন: উপযোজন করিতে পারিবে।

**১১। ন্যূনতম সমাপ্তি জের।**—পরিষদের হিসাবে কমপক্ষে ১ (এক) মাসের প্রাতিষ্ঠানিক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় অর্থ সমাপ্তি জের হিসাবে থাকিবে।

**১২। সংশোধিত বাজেট।**—অনুমোদিত বাজেটে উল্লিখিত আয় ও ব্যয়ের সহিত প্রকৃত আয় ও ব্যয়ের তারতম্য পরিলক্ষিত হইলে বা প্রয়োজন হইলে পরিষদ উক্ত অর্থ-বৎসরের জন্য একটি সংশোধিত বাজেট প্রণয়ন ও অনুমোদন করিতে পারিবে এবং এইরূপ সংশোধিত বাজেট প্রণয়নের ক্ষেত্রে আইনের ধারা ৫৭ এবং এই বিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

**১৩। বিশেষ প্রকল্প ও বিষয় সুনির্দিষ্টভাবে তহবিলে অন্তর্ভুক্তকরণ।**—সরকার বা সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কোন বিশেষ প্রকল্প চালু বা বিশেষ কার্যাদি সম্পন্নের জন্য অর্থ বরাদ্দ করিলে সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য প্রণীতব্য বাজেটে বা, ক্ষেত্রমত, সংশোধিত বাজেটে উক্ত অর্থ অন্তর্ভুক্ত করিতে হইবে।

**১৪। রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা প্রবর্তনের সংগে সংগে Union Councils (Preparation and Sanction of Budget) Rules, 1960 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Rules এর অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**‘ইউনিয়ন পরিষদ বাজেট ফরম ক’**

**[বিধি ৩ (২) দ্রষ্টব্য]**

**বাজেট সার-সংক্ষেপ**

| বিবরণ | | পূর্ববর্তী বৎসরের প্রকৃত বাজেট | চলতি বৎসরের বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
|---|---|---|---|---|
| **অংশ-১** | **রাজস্ব হিসাব**<br>**প্রাপ্তি**<br>রাজস্ব<br>অনুদান | | | |
| | মোট প্রাপ্তি | | | |
| | বাদ রাজস্ব ব্যয় | | | |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি **(ক)** | | | |
| **অংশ-২** | **উন্নয়ন হিসাব**<br>উন্নয়ন অনুদান | | | |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | | | |
| | **মোট (খ)** | | | |
| | মোট প্রাপ্ত সম্পদ **(ক+খ)** | | | |
| | বাদ উন্নয়ন ব্যয় | | | |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | | | |
| | যোগ প্রারম্ভিক জের **(১ জুলাই)** | | | |
| | **সমাপ্তি জের** | | | |

**'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম খ'**

**[বিধি-৩ (২) এবং আইনের চতুর্থ তফসিল দ্রষ্টব্য]**

**-------- ইউনিয়ন পরিষদের বাজেট**

**অর্থ বৎসর------------------------**

**অংশ-১- রাজস্ব হিসাব**

**প্রাপ্ত আয়**

| আয় | | | |
|---|---|---|---|
| **প্রাপ্তির বিবরণ** | **পূর্ববর্তী বৎসরের** প্রকৃত আয় | **চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট** | **পরবর্তী বৎসরের বাজেট** |
| **১** | **২** | **৩** | **৪** |
| | | | |
| | | | |

## অংশ ১-রাজস্ব হিসাব

### ব্যয়

| ব্যয় | | | |
|---|---|---|---|
| ব্যয়ের খাত | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। সাধারণ সংস্থাপন/ প্রাতিষ্ঠানিক | | | |
| ক. সম্মানী/ভাতা | | | |
| খ. কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি | | | |
| (১)পরিষদ কর্মচারি | | | |
| (২) দায়যুক্ত ব্যয় (সরকারী কর্মচারী সম্পর্কিত) | | | |
| গ. অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয় | | | |
| ঘ. আনুতোষিক তহবিলে স্থানান্তর | | | |
| ঙ. যানবাহন মেরামত ও জ্বালানী | | | |
| ২। কর আদায়ের জন্য ব্যয় | | | |
| ৩। অন্যান্য ব্যয় | | | |
| ক. টেলিফোন বিল | | | |
| খ. বিদ্যুৎ বিল | | | |
| গ. পৌর কর | | | |
| ঘ. গ্যাস বিল | | | |
| ঙ. পানির বিল | | | |
| চ. ভূমি উন্নয়ন কর | | | |
| ছ. অভ্যন্তরিণ নিরীক্ষা ব্যয় | | | |
| জ. মামলা খরচ | | | |
| ঝ. আপ্যায়ন ব্যয় | | | |
| ঞ. রক্ষণাবেক্ষণ এবং সেবা প্রদানজনিত ব্যয় | | | |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ট. অন্যান্য পরিশোধযোগ্য কর/ বিল<br>ঠ. আনুষাঙ্গিক ব্যয়<br>৪। কর আদায় খরচ (বিভিন্ন রেজিস্টার, ফরম, রশিদ বই ইত্যাদি মুদ্রণ)<br>৫। বৃক্ষ রোপণ ও রক্ষণাবেক্ষণ<br>৬। সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদানঃ<br>ক. ইউনিয়ন এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাবে আর্থিক অনুদান<br>৭। জাতীয় দিবস উদযাপন<br>৮। খেলাধূলা ও সংস্কৃতি<br>৯। জরুরী ত্রাণ<br>১০। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসাবে স্থানান্তর | | | |
| মোট ব্যয় (রাজস্ব হিসাব) | | | |

## অংশ ২- উন্নয়ন হিসাব

### প্রাপ্তি

| আয় | | | |
|---|---|---|---|
| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত প্রাপ্তি | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। অনুদান (উন্নয়ন)<br>ক. উপজেলা পরিষদ<br>খ. সরকার<br>গ. অন্যান্য উৎস (যদি থাকে, নির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে)<br>২। স্বেচ্ছা প্রণোদিত চাঁদা<br>৩। রাজস্ব উদ্বৃত্ত | | | |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | | | |

**অংশ ২- উন্নয়ন হিসাব ব্যয়**

| **ব্যয়** | | | |
|---|---|---|---|
| ব্যয় বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট | পরবর্তী বৎসরের বাজেট |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। কৃষি ও সেচ<br>২। শিল্প ও কুটিরশিল্প<br>৩। ভৌত অবকাঠামো<br>৪। আর্থ-সামাজিক অবকাঠামো<br>৫। ক্রীড়া ও সংস্কৃতি<br>৬। বিবিধ (প্রয়োজনে অন্যান্য খাতের এইরূপ ব্যয় উল্লেখ করিতে হইবে)<br>৭। সেবা<br>৮। শিক্ষা<br>৯। স্বাস্থ্য<br>১০। দারিদ্র হ্রাসকরণ ঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা<br>১১। পলী উন্নয়ন ও সমবায়<br>১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন<br>১৩। দুর্যোগ ব্যবস্থা ও ত্রাণ<br>১৪। সমাপ্তি জের | | | |
| মোট ব্যয় ( উন্নয়ন হিসাব) | | | |

**'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম গ'**

**[বিধি-৫ (১) (ক) দ্রষ্টব্য]**

**ইউনিয়ন পরিষদ কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণী**

**অর্থ বৎসর------------------------------------**

| বিভাগ/শাখা | ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | মহার্ঘ ভাতা (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

| প্রদেয় ভবিষ্য তহবিল | অন্যান্য ভাতাদি | মাসিক গড় অর্থের পরিমাণ | বাৎসরিক প্রাক্কলিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | |

**'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম ঘ'**

[বিধি-৫ (১) (খ) দ্রষ্টব্য]

**ইউনিয়নের কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরণী**

**অর্থ বৎসর----------------------------------**

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণী | উপজেলা পরিষদ, জেলা পরিষদ ও সরকার হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ | চলতি অর্থ বৎসরে ব্যয়িত অথবা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ | সম্ভাব্য স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd